

আকাশ, তোমায় কোন্ রূপে মন চিনতে পারে
 তাই ভাবি যে বারে বারে ॥
 গহন রাতের চন্দ্র তোমার মোহন ফাঁদে
 স্বপন দিয়ে মনকে বাঁধে,
 প্রভাতসূর্য শুভ্র জ্যোতির তরবারে
 ছিন্ন করি ফেলে তারে ॥
 বসন্তবায় পরান ভুলায় চুপে চুপে,
 বৈশাখী ঝড় গর্জি উঠে রুদ্ররূপে ।
 শ্রাবণমেঘের নিবিড় সজল কাজল ছায়া
 দিগ্দিগন্তে ঘনায় মায়া -
 আশ্বিনে এই অমল আলোর কিরণধারে
 যায় নিয়ে কোন্ মুক্তিপারে ॥

Parjaay: Bichitro

Visit www.geetabitan.com for notation and other detail